

অক্টোবর ৪, ২০০৬

(আঞ্চলিক গ্রামীণ ব্যাংক ব্যতীত) সকল তফসিলভুক্ত ব্যাংক সমীপে,

মাননীয় মহাশয়,

**গ্রাহক পরিষেবা-সেভিংস ব্যাংক অ্যাকাউন্টধারীদের (ব্যক্তিগত) পাস বই না দেওয়া**

আমরা বরিষ্ঠ নাগরিক সমিতিসহ গ্রাহকদের কাছ থেকে অনুযোগপত্র পাচ্ছি যে অনেক ব্যাংক সেভিংস ব্যাংক অ্যাকাউন্টধারী (ব্যক্তিগত) গ্রাহকদের পাসবই দেওয়া বন্ধ করেছে। এটা আরও অংশলিনির্দেশ করা হয়েছে যে ব্যাংক গ্রাহকদের প্রভূত অসুবিধা ঘটিয়ে একতরফাভাবে পাসবই দেওয়ারপ্রথা বন্ধ করেছে। এটাও আমাদের নজরে এসেছে যে এই সমস্ত ব্যাংক আমাদের ১০ই এপ্রিল ২০০৪ তারিখের বিজ্ঞপ্তি নং DBOD.No.Leg.BC.74/09.07.005/2004-05-তে আমাদের নির্দিষ্ট ১ মাস অন্তরের পরিবর্তে প্রতি ৩ মাস অন্তর সেভিংস ব্যাংক অ্যাকাউন্টের গ্রাহকদের স্টেটমেন্ট অফ অ্যাকাউন্ট দিচ্ছে।

২। এই সম্পর্কে উল্লেখকরা যেতেপারে যে পাসবই লেনদেনের একটি তৈরী হিসাব বই এবং সুবিধাজনক ও সুঠাম , তাই ক্ষুদ্র গ্রাহকদের কাছে স্টেটমেন্ট অব অ্যাকাউন্টের চেয়ে পাসবই অনেকবেশী সুবিধাজনক। স্টেটমেন্ট ব্যবহারের কয়েকটি স্বভাবজাত অসুবিধা আছে , যেমন (ক) এগুলি নিয়মমাফিক নথিবদ্ধ করার প্রয়োজন হয় (খ) গত স্টেটমেন্টের শেষের জমাখরচ (ক্লোজিং ব্যালান্স) শুরুর জমাখরচের সংগে মেলাতে হয় (গ) ডাকের পথে স্টেটমেন্ট হারিয়ে যাওয়া অস্বাভাবিক কিছু নয় এবং তখন তার প্রতিলিপি পাওয়া খরচসাপেক্ষ এবং অসুবিধাজনক (ঘ) দুই স্টেটমেন্টের মধ্যবর্তি এ টি এম স্লিপ সন্তোষজনক সমাধান দেয় না , কারণ এতে লেনদেনের পূর্ণবিবরণ থাকে না। (ঙ) বহু ক্ষুদ্র গ্রাহক আছে যাদের কমপুটার বা ইনটারনেট ইত্যাদির সুযোগ নেই। তাই এই সব ক্ষুদ্র গ্রাহকদের পাসবই না দেওয়া পরোক্ষে আর্থিক ব্যাপারে বধননার উৎস।

৩। সুতরাং সমস্ত সেভিংস ব্যাংক অ্যাকাউন্টধারী গ্রাহকদের (ব্যক্তিগত)ব্যতিক্রমহীনভাবে পাসবই দেওয়ারজন্যে ব্যাংকগুলোকে উপদেশ দেওয়া হচ্ছে এবং যদি ব্যাংক স্টেটমেন্ট অব অ্যাকাউন্ট পাঠানোর সুযোগ দেয় এবং গ্রাহক সেই স্টেটমেন্ট পেতে সম্মতি দেয় তবে ব্যাংক আমাদের ১০ই এপ্রিল ২০০৪ তারিখের বিজ্ঞপ্তি নং DBOD.No.Leg.BC.74/ 09.07.005/2004-05-র শর্ত মেনে ১ মাস অন্তর স্টেটমেন্ট অব অ্যাকাউন্ট পাঠাবে। পাসবুক অথবা স্টেটমেন্ট দেওয়ার খরচ গ্রাহকের কাছ থেকে নেওয়া যাবে না।

৪। দয়াকরে প্রাপ্তি স্বীকার করুন।

আপনাদের বিশ্বস্ত

( প্রশান্ত সরন )

চীফ জেনারেল ম্যানেজার ইন চার্জ